

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র সমস্যা নিয়ে ছাত্র সংগঠনগুলোর কোন ভূমিকা নেই

মদন কবীর ।। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র সমস্যা নিয়ে ছাত্র সংগঠনগুলোর কোন উল্লেখযোগ্য ভূমিকা নেই, বদলেই চলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিভিন্ন সমস্যায় ভুগলেও দাত্র সংগঠনগুলো তাদের নিজস্বদের দায়িত্ব কঠোরভাবে পালন করে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা নানা সমস্যায় ভুগছে দীর্ঘদিন ধরে। সমস্যাগুলো যখন তুলে তখন ছাত্র সংগঠনগুলোও সোচ্চার হয়। ছাত্রছাত্রীদের পক্ষে। কিন্তু দুদিন পরেই নিস্তেজ হয়ে যায়। ফলে সাধারণ ছাত্রছাত্রীদের সমস্যাসমূহ কার্যত সমাধান হয় না। বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রধান সমস্যাসমূহের মধ্যে রয়েছে পাটল ট্রেন সমস্যা, আবাসিক সমস্যা, ডাইনিংয়ের খাবার সমস্যা ইত্যাদি। এসব সমস্যা এত প্রকট যে সমাধান না করলেই নয়। কিন্তু ছাত্র সংগঠনগুলোর কোন কার্যকর পদক্ষেপ নেই। এসব সমস্যার ব্যাপারে

বিশ্ববিদ্যালয়ের নড়বড়ে মুক্তিপত্র পাটল ট্রেন দুর্ঘটনায় পতিত হয়েছে সত্যিকার করে। প্রতিদিন হাজার হাজার ছাত্রছাত্রী ট্রেনের প্রচণ্ড দুর্ঘটনায় দুর্ঘটনায় আশঙ্কায় আতঙ্কে থাকে। কিন্তু এ ব্যাপারে ছাত্র সংগঠনগুলোর কার্যকর কোন পদক্ষেপ নেই। গত বছরের মে মাসে পাটল ট্রেনের ৪টি বগি লাইনচ্যুত হলে আহত হয় প্রায় ২০ জন ছাত্রছাত্রী। দুর্ঘটনার পর ফুর ছাত্রছাত্রীরা আন্দোলনে নামলে ছাত্র সংগঠনগুলোও আন্দোলনের নেতৃত্ব হাতে নেয়। কিন্তু ছাত্রছাত্রীদের আবেগ কোভ প্রশমিত হয়ে গেলে ছাত্র সংগঠনগুলোও নিস্তেজ হয়ে পড়ে। ছাত্র সমস্যাসমূহ যখন তুলে তখন সাধারণ ছাত্রছাত্রীরাও হাতের নেমে পড়ে তখন ছাত্র সংগঠনগুলো বিশ্ববিদ্যালয় পরিষ্কৃতি শান্ত রাখার পোহাই দেয় নিচমতান্ত্রিক আন্দোলনের কথা বলে অথচ যখন ছাত্র সংগঠনগুলো তাদের দায়িত্ব দাবি নিয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিপরীতে অবস্থান নেয় তখন

তার সাপাতার অবরোধ দিতেও শিষ্টা হয় না। দায়িত্ব কঠোর সমাধান আহত হলেও অবরোধ করবুদী দেয় ছাত্র সংগঠনগুলো। কিন্তু গত বছরের মে মাসে পাটল ট্রেনের দুর্ঘটনায় ২০ জন ছাত্রছাত্রী আহত হলেও ছাত্র সংগঠনসমূহ হতভম্ব হয়ে যায়নি। ফলে এখনও ছাত্রছাত্রীরা মুক্তিপত্র পাটল ট্রেনে যাতায়াত করছে। ছাত্রছাত্রীদের যাত্র এক চতুর্থাংশ বিশ্ববিদ্যালয়ের হলে আবাসিক সুবিধা পাচ্ছে। ডাইনিংয়ের পচা খাবার খেয়ে ছাত্রছাত্রীরা প্রতিদিনও পেটের পীড়ায় ভুগছে। লাইব্রেরীতে বইসহ বিভিন্ন সমস্যায় পূর্তোগ পোহাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের পুরোনো একাডেমিক ভবন কলাভবন সিমান ভবন ও অন্যান্য ভবনগুলোতে নানা সমস্যা বিরাজ করছে দীর্ঘদিন ধরে। ছাত্রছাত্রীদের প্রাণের দাবি একাডেমিক আন্দোলনের এখনো চালু হয়নি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে।